একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর ঃ ০৮.০১.০০০০.০১১.০৯.০০৪.১৭/২১৬

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **২০১৯-২০২০ অর্থ বছরের মে ২০২০ মাস পর্যন্ত সময়ের শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের মে, ২০২০ মাস পর্যন্ত রাজস্ব আহরণের অগ্রগতি এবং ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল পর্যালোচনার লক্ষ্যে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম এর সভাপতিত্বে আগামী ২১/০৬/২০২০ তারিখ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে (৫ম তলা, কক্ষ নং-৫৩৪) শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য, এবং শুধুমাত্র ঢাকায় অবস্থিত কমিশনারেট/দপ্তর/অধিদপ্তর এর কমিশনার ও মহাপরিচালকগণের সমন্বয়ে মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিত হবে এবং ঢাকার বাইরে অবিস্থিত কমিশনারেট/দপ্তর/অধিদপ্তর এর কমিশনার ও মহাপরিচালকগণ ভিডিও কনফারেন্সে উক্ত সভায় অংশগ্রহণ করবেন। উক্ত সম্মেলনে রাজস্ব আহরণ অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত প্রয়োজনীয় তথ্যসহ যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। সংশ্লিষ্ট কমিশনার/মহাপরিচালকগণকে তাঁদের নিজ নিজ দপ্তরের StrategicI[a] Action Plan বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও রাজস্ব আহরণের অগ্রগতি প্রতিবেদন Power Point-এ উপস্থাপনের প্রস্তুতি গ্রহণপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সম্মেলনস্থলে আসার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
তারিখঃ-১০/০৬/২০২০ খ্রিঃ
(মোঃ সাইফুল ইসলাম)
সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)

অনুলিপি কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। সদস্য (সকল), শুল্ক ও মূসক, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। কমিশনার/মহাপরিচালক (ঢাকাস্থ সকল), শুল্ক ও মূসক।
৭। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প/বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প/ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।
৮। বিজ্ঞ আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১০। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ।
১১। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ঢাকার বাহিরে অবস্থিত কমিশনারেট/দপ্তর/অধিদপ্তর এর কমিশনার ও মহাপরিচালকগণের সাথে ভিডিও কনফারেন্স আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। এম এম কবিরুল ইসলাম, দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ জনাব রাকিবুল হাসান, দ্বিতীয় সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [তাঁদেরকে সভায় উপস্থাপিত বিষয়ের উপর প্রয়োজনীয় Points/Notes লিপিবদ্ধ করে কার্যবিবরণী প্রস্তুত করে স্বাক্ষরিত কার্যবিবরণীর খসড়া ২৮/০৬/২০২০ তারিখের মধ্যে শুল্ক ও ভ্যাট প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
১৪। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে যথাসময়ে সম্মেলন কক্ষ প্রস্তুত রাখাসহ আনুমানিক ৭০ (সত্তর) জনের জন্য নাস্তা ও দুপুরের খাবারের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [তাঁকে এজেন্ডা অনুযায়ী Power Point উপস্থাপন এবং সংশ্লিষ্ট গ্রুপ মেইলে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

১০/০৬/২০২০
(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন)